

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর, ২০২৩-ডিসেম্বর, ২০২৩) অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. হুমায়রা সুলতানা, অতিরিক্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও ফোকাল পয়েন্ট, এনআইএস

সভার তারিখ ও সময় : ২৮/০১/২০২৪ বিকাল ৩:৩০ ঘটিকা।

সভার স্থান : সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'।

সভাপতি সভায় উপস্থিত অত্র বিভাগের এনআইএস টিমের সদস্য এবং দপ্তর/সংস্থার এনআইএস টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি জানান, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম [১.৬] অনুসারে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর, ২০২৩-ডিসেম্বর, ২০২৩) অগ্রগতি পর্যালোচনাপূর্বক 'ফিডব্যাক' প্রদানের নিমিত্ত এই সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি জনাব শাহ্ জুলফিকার হায়দার, উপসচিব (বাজেট) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস-কে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

০২. জাতীয় শুদ্ধাচার কৌশল এর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শাহ্ জুলফিকার হায়দার এই বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। সভায় অধীনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রাসমূহের অর্জন পৃথকভাবে পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর নিম্নরূপ পরিবীক্ষণ প্রতিবেদন/ফিডব্যাক প্রদান করা হয়:

ক্রমিক নং	দপ্তর/সংস্থার নাম	প্রদত্ত ফিডব্যাক
০১.	সমবায় অধিদপ্তর	*সূচক নং ১.৫: কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করা): কার্যক্রমের নাম ও অগ্রগতি মন্তব্য কলামে উল্লেখ করতে হবে। *সকল সূচকের প্রমাণক সংরক্ষণ করতে হবে।
০২.	বিআরডিবি	* সূচক নং ২.৫: সমাপ্ত প্রকল্পের যানবাহন হস্তান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের জবাবের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। *সকল সূচকের প্রমাণক সংরক্ষণ করতে হবে।
০৩.	বার্ড	*সূচক নং ১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর মোট সংখ্যা উল্লেখ করতে হবে। *সকল সূচকের প্রমাণক সংরক্ষণ করতে হবে।
০৪.	আরডিএ	*সূচক নং ২.২: অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট): লক্ষ্যমাত্রা ৫০%, কিন্তু অর্জিত হয়েছে ৪৭.০৬%। ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে। *সূচক নং ৩.৩: কর্মকর্তা-কর্মচারীদের দুর্নীতি বিরোধী সচেতনামূলক প্রশিক্ষণ প্রদান (হিসাব ব্যবস্থা ও পিপিআর বিষয়ক): লক্ষ্যমাত্রা ও অর্জন নাই। *সূচক নং ৩.৪: দুর্নীতি বিরোধী সেমিনার আয়োজন: অর্জন নাই। * সকল সূচকের প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং তৃতীয় প্রান্তিকে পূঞ্জীভূত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
০৫.	বাপার্ড	*সকল সূচকের প্রমাণক সংরক্ষণ করতে হবে।
০৬.	পিডিবিএফ	* সূচক নং ২.৫: সমাপ্ত প্রকল্পের যানবাহন হস্তান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত

		পত্রের জবাবের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল সূচকের প্রমাণক সংরক্ষণ করতে হবে।
০৭.	এসএফডিএফ	*সকল সূচকের প্রমাণক সংরক্ষণ করতে হবে।

০৩. ফিডব্যাক সভায় নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়:

ক) ৭টি দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার উপর প্রদত্ত ফিডব্যাকের আলোকে ১৫/০২/২০২৪ তারিখের মধ্যে কর্ম-পরিকল্পনা সংশোধন করে সফটওয়্যারে আপলোডকরণ এবং সফটওয়্যার হতে প্রিন্টেড কপি আবশ্যিকভাবে নিজ নিজ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করে অত্র বিভাগে অবহিত করতে হবে।

খ) দপ্তর/সংস্থার এনআইএস এর প্রমাণকের কপি এনআইএস সফটওয়্যারে আপলোড করতে হবে।

৩১/০১/২০২৪

(ড. হুমায়রা সুলতানা)

অতিরিক্ত সচিব (পরি: ও উন্ন:) ও
এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।